

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৬

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ আলিম কর্তৃক শিক্ষার্থীদেরকে প্রশ্ন ছুঁড়ে দেওয়া, যার উদ্দেশ্য হলো তাদেরকে শুরুতে সেটা শিক্ষা এবং অনুরূপ বিষয়ে উৎসাহিত করা - এ বিষয়টির বৈধতার দলীল সংক্রান্ত বর্ণনা

ذِكْنُ الْخَبَرِ الدَّالِّ عَلَى إِبَاحَةِ إِلْقَاءِ الْعَالِمِ عَلَى تَلَامِيذِهِ الْمَسَائِلَ الَّتِي يُرِيدُ أَنْ يُعَلِّمَهُمْ إِيَّاهَا الْبَرِدَاءً وَحَتِّهِ إِيَّاهُمْ عَلَى مِثْلِهَا

আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابِ قَالَ: أَخْبَرَنِي أَنَسُ بْنِ مَالِكِ:

(أَنَّ رَسُولَ اللَّهِ _ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ _ خَرَجَ حِينَ زَاغَتِ الشَّمْسُ فَصَلَّى لَهُمْ صَلَاةَ الظُّهْرِ فَلَمَّا سَلَّمَ قَامَ عَلَى الْمِنْبَرِ فَذَكَرَ السَّاعَةَ وَذَكَرَ أَنْ قَبْلَهَا أَمُورًا عِظَامًا ثُمَّ قَالَ: الظُّهْرِ فَلَمَّا سَلَّمَ قَامَ عَلَى الْمِنْبَرِ فَذَكَرَ السَّاعَةَ وَذَكَرَ أَنْ قَبْلَهَا أَمُورًا عِظَامًا ثُمَّ قَالَ: (مَنْ أَحَبَّ أَنْ يَسْأَلَنِي عَنْ شَيْءٍ إِلَّا حَدَّثْتُكُمْ بِهِ (مَنْ أَحَبَّ أَنْ يَسْأَلَنِي عَنْ شَيْءٍ إِلَّا حَدَّثْتُكُمْ بِهِ مَا دَمتُ فِي مَقَامِي)

قَالَ أَنسُ بْنُ مَالِكِ: فَأَكْثَرَ النَّاسُ الْبُكَاءَ حِينَ سَمِعُوا ذَلِكَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَقُولَ: عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَقُولَ:

(سَلُونِي سَلُونِي) فَقَامَ عَبْدُ اللَّهِ بْنُ حُذَافَةَ فَقَالَ: مَنْ أَبِي يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (أَبُوكَ حُذَافَةُ) فَلَمَّا أَكْثَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَنْ يَقُولَ:

(سَلُونِي) بَرَكَ عُمَرُ بْنُ الْخَطَّابِ عَلَى رُكْبَتَيْهِ قَالَ: يَا رَسُولَ اللَّهِ رَضِينَا بِاللَّهِ رَبَّا وَبِالْإِسْلَامِ دِينًا وَبِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَسُولًا قَالَ: فَسَكَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَلَيْهِ وَسَلَّمَ:

(وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ عُرِضَ عَلَيَّ الْجَنَّةُ وَالنَّارُ آنِفًا فِي عُرْضِ هَذَا الْحَائِطِ فَلَمْ أَر

كاليوم في الخير والشر)

00 0000 0



[تعليق الشيخ الألباني] صحيح _ ((صحيح الأدب المفرد)) (916): ق.

الحديث: 106 | الجزء: 1 | الصفحة: 214

বাংলা

১০৬. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত, যখন দুপুরে সূর্য ঢলে গেলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেরিয়ে আসলেন এবং তাদের নিয়ে যুহরের সালাত আদায় করলেন। সালাম ফিরানোর পর তিনি মিম্বরে দাঁড়ালেন এবং কিয়ামত সম্পর্কে আলোচনা করলেন। তিনি উল্লেখ করলেন যে, কিয়ামতের আগে অনেক বড় বড় ঘটনা ঘটবে। তারপর তিনি বললেনঃ কেউ যদি আমাকে কোন বিষয়ে জিজ্ঞেস করতে চায়, তাহলে সে তা করতে পারে। আল্লাহর শপথ! আমি এখানে অবস্থান করা পর্যন্ত তোমরা আমাকে যে বিষয়েই প্রশ্ন করবে, আমি তা তোমাদেরকে জানাব। আনাস (রাঃ) বলেন, একথা শুনে লোকেরা খুব বেশি কাঁদল। আর রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেশি বেশি বলতে থাকলেন, তোমরা আমার কাছে প্রশ্ন কর।

আনাস (রাঃ) বলেন, তখন আব্দুল্লাহ ইবনু হুযাফাহ দাঁড়িয়ে বলল, হে আল্লাহর রাসূল! আমার পিতা কে? তিনি বললেন, তোমার পিতা হুযাফা। আনাস (রাঃ) বলেন, তারপর তিনি বার বার বলতে লাগলেনঃ তোমরা আমার কাছে প্রশ্ন কর। এতে 'উমার (রাঃ) হাঁটু গেড়ে বসে গেলেন এবং বললেন, আমরা আল্লাহকে রব হিসাবে মেনে, ইসলামকে দ্বীন হিসাবে গ্রহণ করে এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রাসূল হিসাবে বিশ্বাস করে সম্ভুষ্ট আছি। আনাস (রাঃ) বলেন, 'উমার (রাঃ) যখন এ কথা বললেন, তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুপ করলেন।

তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: যে সন্তার হাতে আমার প্রাণ, তাঁর শপথ করে বলছি, একটু আগে {আমি যখন সালাতে ছিলাম তখন) এ দেয়ালের প্রস্তে জান্নাত ও জাহান্নাম আমার সামনে পেশ করা হয়েছিল। আজকের মত এমন ভাল আর মন্দ আমি আর দেখিনি।[1]

ফুটনোট

[1] আলবানীঃ হাদীসটি সহীহ।

আরনাউত্ব: হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ২৩৫৯; বুখারী ৯৩, ৭২৯৪; আহমাদ ৩/১৬২; আব্দুর রাজ্জাক ২০৭৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন